



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ বাণিজ্য দপ্তর
সরকারি কার্যভবন-১, আশাবাদ, চট্টগ্রাম
ফোন: ৭২৪১৪০, ৭২১৯০২
ই মেইল: mmdctgbd@gmail.com

নং-৪০২.০০৯.০০৩.০০.০০.০১০.২০১৪/ ১১৫-১১৬৬

তারিখ-০২/০৩/২০১৭ খ্রি.

সার্কুলার - ০২/২০১৭

এতদ্বারা উপকূল অঞ্চলে চলাচলকারী সকল জাহাজ মালিক/মাস্টার/ড্রাইভার/অপারেটর এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের আওতায় রেজিস্ট্রিকৃত উপকূলীয় জাহাজ অথবা উপকূলে চলাচলের অনুমতি প্রাপ্ত অত্যন্তরীণ জাহাজ ছাড়া অন্য যে কোন নৌযান এর মাধ্যমে চট্টগ্রাম বন্দরের বর্হিনোঙরে মাদার ভেসেল হতে পণ্য খালাস করা অবৈধ। অননুমোদিত এবং/অথবা অবৈধ জাহাজ সমূহ অবকাঠামোগতভাবে সাগরে চলাচলের জন্য উপযুক্ত নয়। এ সমস্ত জাহাজ সাগরে অথবা উপকূলে মালামাল বহন করার সময় প্রায়শই দুর্ঘটনার কবলে পতিত হয়ে বর্হিনোঙরে এবং চট্টগ্রাম বন্দর চ্যানেলে নিরাপদ জাহাজ চলাচলের জন্য হুমকি হয়ে দেখা দেয়। ফলশ্রুতিতে, বর্হিবিশ্বে চট্টগ্রাম বন্দরের তথা বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়।

অনুমোদিত জাহাজ ছাড়া এ ধরনের অবৈধ এবং ঝুঁকিপূর্ণ জাহাজ দ্বারা মাদার ভেসেল হতে মালামাল খালাস করার কার্যক্রম থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা গেল। একই সাথে নৌ বাহিনী এবং কোস্টগার্ড সহ আইন প্রয়োগকারী সংস্থাকে এ ধরনের অননুমোদিত এবং/অথবা অবৈধ জাহাজের ব্যাপারে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।

প্রিন্সিপাল অফিসার

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। মহাপরিচালক, নৌ পরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল, বা/এ, ঢাকা।
- ২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম (বন্দরের ম্যাজিষ্ট্রেট-কে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার নির্দেশনা প্রদানের অনুরোধ সহ)
- ৩। কমোডোর কমান্ডিং, বি এন ফ্লোটিলা, নিউমুরিং, চট্টগ্রাম।
- ৪। জোনাল কমান্ডার, ইস্টজোন, বাংলাদেশ কোস্টগার্ড, ফিশ হারবার, চট্টগ্রাম।
- ৫। নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও অথরাইজড অফিসার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- ৬। বাংলাদেশ কোস্টাল শিপ ওনার্স এসোসিয়েশন, ইস্টার্ন আরজু কমপ্লেক্স, ১০ ম তলা, রুম নং-০৯/০৬, ৬১ বিজয় নগর ঢাকা-১০০০।
- ৭। কনভেনর/কো-কনভেনর, ওয়াটার ট্রান্সপোর্ট সেল, ঢাকা/চট্টগ্রাম।
- ৮। জাহাজ মালিক

অননুমোদিত জাহাজ সমূহ-কে উপকূলীয় অঞ্চলে
চলাচল করা হতে বিরত রাখার প্রয়োজনীয় কার্যক্রম
গ্রহণের অনুরোধ সহ।

